গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১১.০০.০০.০১৬.২০১৬-১০৮৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৬।
১০ ডিসেম্বর ২০১৯।

বিষয়: ফরিদপুর জেলার সালথা উপজেলা পরিষদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: উপজেলা পরিষদ কার্যালয়, সালথা, ফরিদপুর-এর স্মারক নং-৩২; তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সালথা উপজেলা পরিষদে নিম্নে বর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্র:নং	উপজেলা ও জেলার নাম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	মন্তব্য
০১	সালথা, ফরিদপুর	গাড়ি চালক	০১ (এক)টি	৯৩০০-২২৪৯০০/-(১৬নং গ্রেড)	

নিয়োগের শর্তাবলী:

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর বেতন-ভাতাদি উপজেলা পরিষদের ২০১৯-২০২০ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের কোড নং-১৩৭, সচিবালয় কোড-১৩৭০১০১ এবং স্থানীয় সরকার বিভাগ ১৪৬০০০০০ খাত থেকে নির্বাহ করা হবে।

(খ) বর্ণিত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এস.আর.ও নং-৩৮৭-আইন/২০১০) ও এতদসংক্রান্ত বিদ্যমান সকল পরিপত্র/ নীতিমালা/সার্কুলার/ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

(গ) উল্লিখিত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

(ঘ) বর্ণিত পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নাম, পিতা ও মাতার নাম, পদবী, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), বেতনগ্রেড, শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ, প্রত্যয়ন ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর নামযুক্ত সিলসহ স্বাক্ষরে সরাসরি সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

(ঙ) মাননীয় আদালতে কোন মামলার পরিপ্রেক্ষিতে নিষেধাজ্ঞা থাকলে বর্ণিত পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যাবে না।

(চ) এ ছাড়পত্রের মেয়াদ পত্র জারির পর থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১০.১২.১৯

(নুমেরী জামান)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।
৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সালথা, ফরিদপুর।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।